

# এইচএসসি পরীক্ষার ফরম পূরণে ফি বাড়লো— জেনে নিন কোন বিভাগে কত

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ০৯:০৭, ২২ ফেব্রুয়ারি ২০২৬



২০২৬ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার ফরম পূরণ আগামী ১ মার্চ থেকে শুরু হবে। জরিমানা ছাড়া অনলাইনে ফরম পূরণ করা যাবে ৯ মার্চ পর্যন্ত, আর বিলম্ব ফিসহ আবেদন ও ফি জমা দেওয়া যাবে ১৮ মার্চ পর্যন্ত। ঢাকা শিক্ষা বোর্ড প্রকাশিত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তি অনুযায়ী, বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা—তিন বিভাগেই গত বছরের তুলনায় ফরম পূরণের ফি ২১০ টাকা বেড়েছে। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে টাকা জমা দেওয়া যাবে ১০ মার্চ পর্যন্ত। নির্ধারিত সময়ের পর ১০০ টাকা বিলম্ব ফিসহ ফরম পূরণের সুযোগ থাকবে।

বিভাগভেদে ফি:

বিজ্ঞান: ২,৯৯৫ টাকা (বোর্ড ফি ২,১৪০ + কেন্দ্র ফি ৮৫৫) —  
গত বছর ছিল ২,৭৮৫ টাকা

মানবিক: ২,৪৩৫ টাকা (বোর্ড ফি ১,৯৪০ + কেন্দ্র ফি ৪৯৫) —  
গত বছর ছিল ২,২২৫ টাকা

ব্যবসায় শিক্ষা: ২,৪৩৫ টাকা (বোর্ড ফি ১,৯৪০ + কেন্দ্র ফি ৪৯৫)  
— গত বছর ছিল ২,২২৫ টাকা

বোর্ড জানিয়েছে, ২৮ ফেব্রুয়ারি সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে এবং প্রতিষ্ঠানগুলোকে সেখান থেকে সঠিক পরীক্ষার্থী নির্বাচন করতে হবে। কোনো প্রতিষ্ঠান শিক্ষার্থীদের কাছ থেকে ২৪ মাসের বেশি টিউশন ফি নিতে পারবে না। এছাড়া মডেল টেস্ট আয়োজন করা গেলেও তা বাধ্যতামূলক করা বা অতিরিক্ত ফি নেওয়া যাবে না।

২০২৬ সালের নিয়মিত পরীক্ষার্থীরা পুনর্বিন্যাসকৃত সিলেবাসে পরীক্ষা দেবেন, আর অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের ২০২৫ সালের সিলেবাস অনুসরণ করতে হবে। মানোন্নয়ন পরীক্ষার্থীদের সব বিষয়ে পরীক্ষা দেওয়া বাধ্যতামূলক। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনী পরীক্ষার শর্ত শিথিল করা হয়েছে।

এইচএসসি পরীক্ষার চূড়ান্ত তারিখ পরে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

---